ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র




# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে





DL- No.-03 /Date:29/02/2025 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০৭৬ ● কলকাতা ● ০৬ চৈত্র, ১৪৩১ ● বৃহস্পতিবার ● ২০ মার্চ ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## রাজ্য সরকারি কর্মচারীদের এডহক বোনাস বাড়ালেন মুখ্যমন্ত্রী



**বেবি চক্রবর্তী: কলকাতা**

ভোট যে বড়ো বালাই তা স্পষ্টই বোঝা যায় সরকারি এই সিদ্ধান্তে। আর তা ঘোষণা করা হলো ঠিক ঈদের আগে। মঙ্গলবার অর্থ দফতর থেকে এই সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। শারদোৎসব ও ঈদের আগে এই বোনাস ও অগ্রিম পাওয়া যাবে। ডিএ (D A ) - র দাবিতে যখন সরকারি কর্মচারিদের একাংশের আন্দোলন মুখর,

এরপর ৩ পৃষ্ঠায়


## আমরা কোনো সম্প্রদায়ের বিরুদ্ধে নই, আমরা তৃণমূল বিরোধী - শুভেন্দু



**বেবি চক্রবর্তী: কলকাতা**

শুভেন্দু অধিকারী কি আবার বক্তব্যর ইউটার্ন নিচ্ছেন? কয়েকদিন আগেই সংখ্যালঘুদের 'চ্যাংদোলা' করার নিদান দিয়েছিলেন আর এখনো বলছেন, তারা কোনো সম্প্রদায়ের বিরোধী নয়! আসল কথা ৩৩ শতাংশ সংখ্যালঘু ভোট এক দলের পাখির চোখ তো প্রায় ৬৭ শতাংশ সংখ্যাগুরু ভোট আরেক দলের পাখির চোখ। এদিন তিনি বলেন, "আমরা কখনওই অন্য কোনও কমিউনিটির বিরুদ্ধে বলিনি। যে কমিউনিটির বিরুদ্ধে আপনারা ক্ষ্যাপাচ্ছেন আমরা তাঁদের বিরোধী নই। আমরা তৃণমূল কংগ্রেসের এই নীতির বিরোধী।" সাফ বললেন বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। একইসঙ্গে তোপ দাগলেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধেও। কটাক্ষের সুরেই বললেন, "৯ মাস তো বিরোধী দলনেতাকে বাইরে রেখেই দিলেন। আর তো দুটো সেশন আছে। যা পারেন করে নিন।

এরপর ৩ পাতায়




# শ্রীধাম মায়াপুরে নবম বর্ষ জনজাতির সম্মেলন- ২০২৫

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ইসকনের প্রধান কেন্দ্র শ্রীধাম মায়াপুরে নবম বর্ষ Tribal Convention ( জনজাতির সম্মেলন) আগামী ২১,২২ ও ২৩ শে মার্চ ২০২৫ অনুষ্ঠিত হবে। ভারতবর্ষের ১০ টি রাজ্য থেকে প্রায় ২,৫০০ জনজাতি (আদিবাসী, পিছিয়ে পরা মানুষ)এই অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। তাদের থাকা, খাওয়া ও নিরাপত্তার দিকে বিশেষ নজর দেওয়া হবে। তাদের নিজস্ব সংস্কৃতি, শিক্ষা, চিরাচরিত ভাবধারার বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হবে এই ৩ দিন ব্যাপী।তাদের সহজ সরল জীবন যাপন বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে মঞ্চে ফুটিয়ে তোলা হবে।শ্রীচৈতন্য মহাপ্রভু সর্বজীবের প্রতি যে করুনা প্রদর্শন করেছিলেন তার আদর্শে অনুপ্রাণিত হয়ে তারাও যেন বর্তমান সমাজের মূল স্রোতের সঙ্গে একাত্ম ভাবে চলতে পারে, তারা কেউই পর নন, সকলেই তারা সমাজের একান্ত আপনজন সেটি যাতে তারা অনুভব করতে পারে, সেটিই ফুটিয়ে তোলা এই সম্মেলনের আসল উদ্দেশ্য। বিভিন্ন রাজ্যে জনজাতির উন্নতি কল্পে যে সমস্ত অভিজ্ঞ ব্যক্তিবর্গ স্বয়ং ফিল্ডে কাজ করছেন তারা তাদের অভিজ্ঞতালব্ধ মনোজ্ঞ ভাষন দেবেন, বিভিন্ন বিষয়ের উপর সেমিনার হবে। ভারতবর্ষের ১০টি রাজ্যের যেমন পশ্চিমবঙ্গ,গুজরাট,মহারাষ্ট্র,ঝাড়খন্ড, মনিপুর,অন্ধ্রপ্রদেশ,ওড়িশা, ত্রিপুরা,নাগাল্যান্ড ও মিজোরাম)প্রভৃতি পিছিয়ে পরা জনজাতি আদিবাসীদের সামাজিক,অর্থনৈতিক,শিক্ষা, স্বাস্থ্য ও কৃষ্ণভাবনায় গড়ে তুলতে ইসকন সারাবছর ব্যাপী বিভিন্ন কর্মসূচি পালন করে থাকে। এই সকল রাজ্যগুলির জনজাতি আদিবাসী শিশুদের শিক্ষাদানের উদ্দেশ্যে মোট ১২১ টি পাঠশালা ও ৮ টি স্কুল চলছে যেখানে প্রায় ৫,৫০০ জন ছাত্রছাত্রীদের ২৮০ জন শিক্ষক-শিক্ষিকা শিক্ষা দান করে থাকে।পশ্চিমবঙ্গের জনজাতি অধ্যুষিত পিছিয়ে পরা জেলাগুলি যেমন- পুরুলিয়া, বাঁকুড়া, ঝাড়গ্রাম, প্রভৃতি জেলায় আদিবাসী শিশুদের শিক্ষাদানের উদ্দেশ্যে নিমাই পাঠশালা নির্মাণ করা হয়েছে, মোট ১২৩ টি পাঠশালায় ১৫২ জন শিক্ষক শিক্ষিকা প্রায় ৩০০০ জন ছাত্র ছাত্রীদের শিক্ষাদান করেন, এবং তাদের এই পাঠশালায় থাকা ও খাওয়ার সুব্যবস্থা রয়েছে।ইসকনের উদ্যোগে এই আদিবাসী এলাকায় সারাবছর ব্যাপি চলে মেডিক্যাল ক্যাম্প, স্বাস্থ্য সচেতনতা ক্যাম্প, সামাজিক সুরক্ষা ও পরিস্রুত পানীয় জলের ব্যবস্থা।গত বছর ৬০০০ জন সম্পূর্ণ বিনামূল্যে স্বাস্থ্য পরিষেবা পেয়েছেন। এছাড়া প্রতিবছর শীতের সময় জনজাতি আদিবাসী এলাকার মানুষদের ইসকনের উদ্যোগে শীতবস্ত্র বিতরণ করা হয়ে থাকে। পিছিয়ে পরা এই মানুষদের স্বাস্থ্যের দিকে নজর দিতে স্বাস্থ্য -পরিকাঠামো গড়ে তোলা হয়েছে, এবং মেডিকেল -কীড বিতরণ করা হচ্ছে।গত বছর আসামের বন্যায় ১২ দিন ব্যাপী আশ্রয় হস্ত ট্রাস্ট এর সহযোগিতায় ৩৬০০০ মানুষের মধ্যে খাদ্য বিতরণ করা হয়েছে। এছাড়াও দ্রুত চিকিৎসা পরিষেবা পৌঁছে দিতে অ্যাম্বুলেন্সের ব্যবস্থা রাখা হয়েছে। সমগ্র ভারতবর্ষ ব্যাপী এই পিছিয়ে পরা জনজাতি আদিবাসীদের স্বাস্থ্য-সম্মত শিক্ষা, তাদের সাংস্কৃতিক মূল্যবোধের যথোপযুক্ত সংরক্ষণ এবং তাদের মধ্যে শ্রীচৈতন্য মহাপ্রভুর ভক্তিভাব ও সাম্যবাদ গড়ে তোলার আদর্শ ও লক্ষ্য নিয়ে ইসকন এগিয়ে চলেছে, আপনারাও এই মহান উদ্যোগে সামিল হোন।

## জেলে বসেই শাহজাহানের ফোনে হুমকি, 'বেশি বাড় বেড়ো না, আমি আসছি'

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



জেলেই রয়েছেন সন্দেশখালির 'স্বঘোষিত' বেতাজ বাদশা শেখ শাহজাহান। কিন্তু তারপরও কি তাঁর দাপট শেষ হয়েছে? অন্তত তেমনটা মানতে নারাজ 'শেখ শাহজাহান মার্কেটের' কর্মী রবীন মণ্ডল। তাঁর অভিযোগ, জেলে বসেই ফোন থেকে তাঁকে হুমকি দিচ্ছেন শেখ শাহজাহান ও তাঁর দলবল।আতঙ্কি রবীনবাবু জানিয়েছেন, ভয়ে মঙ্গলবারই কলকাতায় ইডি অফিসে আসেন তিনি। অভিযোগ জানান। একই সঙ্গে সন্দেশখালি থানাতেও অভিযোগ দায়ের করেছেন তিনি। অপরদিকে, যার মোবাইল থেকে শেখ শাহজাহান ফোন করেছিল বলে দাবি করছেন রবীন মণ্ডল, সেই মফিজুল মোল্লা টিভি ৯ বাংলাকে ফোনে বলেন, "ওর সঙ্গে কোনও কথাই হয়নি। ওর কাছে কোনও প্রমাণ আছে? আর আমার সঙ্গে শাহজাহানের কেন কথা হতে যাবে? মিথ্যে অপবাদ দিলে খুব খারাপ লাগে।"তবে ফোন কোথা থেকে পেলেন সন্দেশখালির বেতাজ বাদশা? উঠছে প্রশ্ন। ঘটনায় আতঙ্কিত রবীন বাবু। সন্দেশখালি থানায় অভিযোগ দায়েরের পাশাপাশি সিজিও-তে এসেও অভিযোগ করেছেন তিনি।

রবীন মণ্ডলের দাবি, গত ১৫ই মার্চ তাঁকে শেখ শাহজাহান ফোন করেন। দুপুর আড়াইটে নাগাদ পনেরো মিনিটের মতো ফোনে কথা বলেন তিনি। শাহজাহান ঘনিষ্ঠ মফিজুল মোল্লার (এলাকায় শাহজাহান ঘনিষ্ঠ বলে পরিচিত বলে দাবি রবীনের) ফোন থেকে কথা হয়েছে বলে দাবি ওই ব্যক্তির। এ দিন টিভি ৯ বাংলার প্রতিনিধিকে রবীনবাবু বলেন, "মফিজুল আমায় ফোন ধরিয়ে দিয়ে বলে এই নে ভাই কথা বলবে। তারপর ফোন ধরতেই ওপার থেকে বলেন, আমি শেখ শাহজাহান বলছি। তোদের খুব বাড় বেড়েছে। তোরা মার্কেটের বিরুদ্ধে, আমার নামে অনেক অভিযোগ করছিস। আমি আর কয়েকদিনের মধ্যেই যাচ্ছি। তুই কী ভাবছিস আমি ছাড়া পাব না? কয়েকদিনের মধ্যেই ছাড়া পাব। বোম মারব। ঘর বাড়ি ভাঙচুর করব। আমার মতো হাজার-হাজার শেখ শাহজাহান ঘুরে বেড়াচ্ছে। তোদের ব্যবস্থা করবে।"







(১ম পাতার পর)

# রাজ্য সরকারি কর্মচারীদের এডহক বোনাস বাড়ালেন মুখ্যমন্ত্রী

সেই আবহেই রাজ্য সরকারি কর্মচারিদের অ্যাড হক বোনাস বাড়ার সিদ্ধান্ত নিল পশ্চিমবঙ্গ সরকার।বিজ্ঞাপ্তিতে জানানো হয়েছে, ২০২৫- এর ৩১ মার্চ পর্যন্ত যে সব কর্মীদের বেতন মাসে ৪৪ হাজার বা তার নিচে তাঁরা এবার অ্যাড হক বোনাস পাবেন ৬ হাজার ৮০০ টাকা - যা আগে ছিল ৬ হাজার টাকা। বেতনের উর্দ্ধসীমা ছিল মাসিক ৪২ হাজার। মাসিক ৪৪ হাজার টাকা থেকে ৫২ হাজার টাকা পর্যন্ত যাঁদের বেতন তাঁরা উৎসব অগ্রিম হিসেবে এবছর পাবেন ২০ হাজার টাকা। গত বছর বেতনের উর্দ্ধসীমা ছিল মাসিক ৪২ হাজার থেকে ৫০ হাজার। উৎসব অগ্রিম দেওয়া হয়েছিল ১৮ হাজার টাকা। ২ হাজার টাকা বাড়িয়ে এবছর করা হল ২০ হাজার টাকা। অবসরপ্রাপ্ত সরকারি কর্মীদের জন্যও উৎসব ভাতা ঘোষণা করেছে রাজ্য সরকার। ৩১ মার্চ ২০২৫ –এর মধ্যে যাঁরা অবসর নিয়েছেন ও নিতে চলেছেন, তাঁরা এই উৎসব ভাতা পাবেন। যাঁদের পেনশন মাসে ৩৮ হাজার টাকার কম তাঁরা এই ভাতা পাবেন ৩ হাজার ৫০০ টাকা। এবার ৩০০ টাকা বাড়ল।

(১ম পাতার পর)

# আমরা কোনো সম্প্রদায়ের বিরুদ্ধে নই, আমরা তৃণমূল বিরোধী - শুভেন্দু

কেজরিওয়াল যেখানে মমতাও যাবে সেখানে। নরমে-গরমে দুপক্ষ দুপক্ষকে ধমক দিয়ে চলেছে।আর কয়েক মাস পরেই ২০২৬ এর মহারণ। দুপক্ষই প্রস্তুত যুদ্ধের জন্য। বাংলায় তো শুধুই রাজনৈতিক যুদ্ধ হয় না, অস্ত্রের যুদ্ধও হয়। আর আম জানতার ভয় সেখানেই। এবারের বিধানসভা ভোটে রাজ্যে হিন্দু ভোটই যে পাখির চোখ হতে চলেছে বিজেপির তা বলার অপেক্ষা রাখে না। হিন্দু হিন্দু ভাই ভাই পোস্টারে ছেয়ে গিয়েছে রাজ্য। পাল্টা পোস্টারেই তোপ দাগতে ছাড়েনি তৃণমূল। এমতাবস্থায় যদিও বিধানসভা থেকেই রাজ্যের বিরোধী দলনেতা বললেন, "কোথাও কারও বিরুদ্ধে বলেনি বিজেপি এমএলএ-রা। আমরা কখনওই অন্য কোনও কমিউনিটির বিরুদ্ধে বলিনি। আবারও বলছি যে কমিউনিটির বিরুদ্ধে আপনারা ক্ষ্যাপাচ্ছেন আমরা তাঁদের বিরোধী নই। আমরা তৃণমূল কংগ্রেসের এই নীতির বিরোধী। তৃণমূল সরকারের কাজ চাকরির হিসাব দেওয়া, শিল্পের হিসাব দেওয়া, উন্নয়নের হিসাব দেওয়া।

# রামনবমী নিয়ে শুভেন্দুর বড়ো হুঙ্কার
# পাল্টা জবাব পুলিশ কমিশনার বর্মার তৈরী আছে পুলিশ



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

কলকাতা:- বিজেপির বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এবার বড় আকারে রামনবমী মিছিল করার হুঁশিয়ারি দিয়েছেন। তিনি জানিয়েছেন, এবারের রামনবমী মিছিলে এক কোটি হিন্দু রাস্তায় নামবেন। রামনবমীর মিছিলের সাথে অশান্তির আশঙ্কা থাকলেও কলকাতা পুলিশ পরিস্থিতি মোকাবিলায় পুরোপুরি প্রস্তুত বলে জানিয়েছেন কলকাতা পুলিশের কমিশনার মনোজ ভার্মা।শুভেন্দু আরও জানান, এবারের মিছিল হবে আগের থেকে অনেক বড় এবং কোন দল বা পুলিশ প্রশাসন এই মিছিলকে আটকাতে পারবে না। তিনি মমতা বন্দ্যোপাধ্যায়কেও হুঁশিয়ারি দিয়েছেন, বিশেষত রামনবমী মিছিলে কোনো মুসলিম এলাকা দিয়ে যেতে দেওয়া হবে না। শুভেন্দু বলেন, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যখন বলেন, আরএসএস, বজরং দল বা বিশ্ব হিন্দু পরিষদ অশান্তি করতে পারে, তখন তা হিন্দুদের অপমান করা হয়। তিনি আরও দাবি করেন, রামনবমীকে ঘিরে বাংলাদেশি স্টাইলে হামলা হতে পারে, যেমন রাজাবাজার, বজবজ বা বীরভূমে মন্দিরে হামলা হয়েছে।

# মমতা বন্দ্যোপাধ্যায়ের কথা শুনতে হবে নৌশাদকে



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

মমতা বন্দ্যোপাধ্যায়ের কথা শুনতে হবে নৌশাদকে, নাহলে পির সাহেব পরিবারের কাউকে ভাঙড়েই দাঁড় করাবেন', মমতা বন্দ্যোপাধ্যায়ের ফুরফুরা শরিফ সফরের পরেই এই মন্তব্য করলেন তহ্বা সিদ্দিকি। দিনকয়েক আগে নবান্নে গিয়ে শুভেন্দু অধিকারী বলেছেন, "উনি প্রত্যেকবার বিধানসভা ভোটের আগে যান। '১৬ সালেও গেছিলেন। ৫ বছর ফুরফুরার কথা ভুলে গেছিলেন। মুসলিমদের কথা ভুলে গেছিলেন। এখন ভোট এসেছে। তাই ফুরফুরায় যেতে হবে। '১৬-তেও গেছিলেন। আবার '২৬-এ ভোট আসছে, চাপে আছেন। পশ্চিমবাংলার হিন্দু ভোটার, যাঁরা তৃণমূলকে ভোট দেন, তাঁরা আজকে একটু টিভির দিকে নজর রাখবেন।"

যদিও মমতা বলেন, "আমি যখন কাশী বিশ্বনাথে যাই, এই প্রশ্নটা তো করেন না ! আমি যখন দুর্গাপুজো করি, তখন তো এই প্রশ্ন করেন না ! জেনে রাখুন, আমি খ্রিস্টানদের উৎসবেও যাই, আমি ইদ মোবারকেও যাই, আমি ইফতার নিজে করি এবং রোজাতেও যাই, ইফতারেও যাই, ইদেও যাই।"ন'বছর পর, গত পরশু ফুরফুরা শরিফে যান মুখ্যমন্ত্রী। যোগ দেন ইফতার-অনুষ্ঠানে।যা নিয়ে রাজনৈতিক তরজাও শুরু হয়। এই আবহে এদিন তহ্বা সিদ্দিক বলেন, "নৌশাদকে মমতা বন্দ্যোপাধ্যায়ের কথা শুনতে হবে, আমরা মনে হচ্ছে। যা বলবেন মমতা বন্দ্যোপাধ্যায় তাই ওঁকে শুনতে হবে। আর যদি না শোনে আমার মনে হচ্ছে, কোনও একজন পির সাহেব পরিবারের ...কোনও একজনেক ভাঙড়েই

এরপর ৪ পাতায়

## সম্পাদকীয়

### 'শত্রুতায় মনোবল বাড়ে', চাকরিতে নিয়োগে 'মামলার খেলা' নিয়ে হুঁশিয়ার মুখ্যমন্ত্রীর

শিক্ষা থেকে স্বাস্থ্য, পুলিশ - রাজ্য সরকারের একাধিক দপ্তরে চাকরিতে নিয়োগ জটিলতা। তার জন্য একাধিক মামলাকে দায়ী করেন খোদ মুখ্যমন্ত্রী। এনিয়ে বারবারই তাঁর নিশানায় বিরোধীরা। বুধবার বিধানসভায় ফের তা নিয়ে কড়া হুঁশিয়ারি শোনা গেল তাঁর গলায়। বললেন, 'চাকরি আটকাতে মামলার খেলা খেলবেন না।আসলে সরকারি চাকরিতে নিয়োগ দুর্নীতি নিয়ে একাধিক মামলা আদালতের বিচারাধীন এখনও। প্রাথমিক, উচ্চ প্রাথমিক, এসএলএসটি-সহ শুধুমাত্র শিক্ষাক্ষেত্রেই বহু পদ ফাঁকা থাকা সত্ত্বেও আইনি জটিলতায় শূন্যপদে নিয়োগ আটকে রয়েছে। এছাড়া অন্যান্য অনগ্রসর শ্রেণি বা OBC সার্টিফিকেটের ভিত্তিতে সংরক্ষিত আসনগুলিতে চাকরি দেওয়ার ক্ষেত্রেও একই বাধা। এই সার্টিফিকেট প্রদানে অস্বচ্ছতার অভিযোগে মামলা চলছে শীর্ষ আদালতে। রাজ্য সরকারের একাধিক দপ্তরে কমবেশি আইনি জটিলতা রয়েছে। অথচ শূন্য পদ থাকলে নাগরিক পরিষেবা ব্যাহত হওয়ার তীব্র আশঙ্কা থাকে। আর তা সমাধানের স্বার্থেই রাজ্য সরকার নিয়োগে আগ্রহী। অথচ মামলায় আটকে চাকরি! তা নিয়ে বারবারই বিভিন্ন জনসভায় আক্ষেপ করে থাকেন মুখ্যমন্ত্রী। কারণ, বেশিরভাগ মামলাই বিরোধীদের দায়ের করা। শাসকদলের অভিযোগ, এভাবে মামলা করে ইচ্ছে করেই নিয়োগে বাধা দিচ্ছে বিরোধী দলগুলি। বিধানসভায় দাঁড়িয়েও সেই একই কথা বললেন তিনি। তবে এবার কার্যত হুঁশিয়ারি তাঁর গলায়। সাফ বক্তব্য, 'এসব খেলা খেলবেন না।'আমার সঙ্গে শত্রুতা করলে আমার কাজের মনোবল বেড়ে যায়, এসব করে নিয়োগ আটকাবেন না। এসব খেলা খেলবেন না।"

এদিন বিধানসভায় চাকরি সংক্রান্ত তথ্য পেশ করে তিনি জানালেন, "প্রাথমিক, উচ্চ প্রাথমিক, স্বাস্থ্য, পুলিশ মিলিয়ে ২-৩ লক্ষ চাকরি পড়ে আছে। নিয়োগ হচ্ছে না মামলার কারণে। সুপ্রিম কোর্ট এসব মামলায় যে পর্যবেক্ষণগুলো দিয়েছে, সেটা খারাপ কিছু নয়। আমাদের সংবিধান মেনে চলতে হবে। তবে জটিলতা কেটে গেলে এই চাকরিগুলো হবে। তার মধ্যে ১ লক্ষ শিক্ষকের চাকরি পড়ে রয়েছে।" এরপরই তিনি বিরোধীদের নিশানা করে বলেন, "এসব খেলা খেলবেন না। আমার সঙ্গে শত্রুতা করলে আমার কাজের মনোবল বেড়ে যায়।"

## টেন্ডার


**TENDER NOTICE**

Tender is invited though offline Bid System vide **NIT No. 23/Rampara-I GP/2024-25**, With Vide **Memo No. - 111/Ram-I/5th SFC (Tied)/2024-25 Dated :- 11-03-2025** by the Prodhan Rampara-I Gram Panchayat. Last Date of Application 26-03-2025 up to 2.00 P.M. Interested contractors please visit Prodhan of Rampara-I Gram Panchayat.

Sd/-, Prodhan
Rampara-I Gram Panchayet
Rampara, Murshidabad


# মায়ের আশীর্বাদ অসীম



**মৃত্যুঞ্জয় সরদার**
**(ছত্রিশতম পর্ব)**



রূপী তারা মা তাঁকে বললেন, 'ভবানী বলেন সাধু না হও কাতর /প্রাতে উঠি পাবে ধন নৌকার ভিতর।' সেই সঙ্গে তারা মা তাঁকে বললেন, কুণ্ডের জল ছেলের গায়ে ছড়ালেই সে বেঁচে উঠবে। সকালে জয়দত্ত তাঁর হারানো সম্পদ ফিরে পেলেন এবং বশিষ্ঠকুণ্ডের জল ছেলের গায়ে ছেটাতেই ছেলে 'তারা তারা' বলে বেঁচে উঠল। ছেলের মুখে তারা নাম শুনে বিস্মিত জয়দত্ত বুঝতে পারলেন দেবী তারার অলৌকিক কৃপার কথা। পুত্রকে ফিরে পাওয়ার আনন্দে তিনি সারাদিন বসে তারা মায়ের জপ করতে লাগলেন। রাতে আবার দেবী তাঁকে স্বপ্নে

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

(৩ পাতার পর)

# মমতা বন্দ্যোপাধ্যায়ের কথা শুনতে হবে নৌশাদকে

দাঁড় করাবেন উনি। এই খেলাটা চলার সম্ভাবনা আছে বলে আমি মনে করছি।" যার উত্তরে নৌশাদ বলেন, "দেখুন তহ্বা সিদ্দিকি চাচাজান কী বলছেন, না বলছেন ..তার উত্তর আমার মনে হয়, এরকমভাবে কাদা ছোড়াছোড়ি আমি পক্ষপাতি নই। তিনি আমাদের গুরুজন। আমাদের চাচাজান। তবে এতটুকু কথা আমি বলব, যে নীতি-আদর্শ নিয়ে আমি চলছি, সেই নীতি-আদর্শকে আমি কোনও রকমভাবে বিসর্জন দিতে পারব না। সামনে কে আসবেন, না আসবেন সময় কথা বলবে। মানুষ যাকে চাইবেন সময়ে সেটা হবে। কিন্তু, আমি কোনওভাবেই ভাঙড়ের মানুষের সঙ্গে প্রতারণা করতে পারব না। রাজ্যের মানুষ এই চার বছরে যে ভালোবাসা-বিশ্বাস আমার প্রতি নিয়ে এসেছেন, সেটা কোনওভাবে নষ্ট করতে পারব না।"

দিনকয়েক আগে নবান্নে গিয়ে শুভেন্দু অধিকারী বলেছেন, "উনি প্রত্যেকবার বিধানসভা ভোটের আগে যান। '১৬ সালেও গেছিলেন। ৫ বছর ফুরফুরার কথা ভুলে গেছিলেন। মুসলিমদের কথা ভুলে গেছিলেন। এখন ভোট এসেছে। তাই ফুরফুরায় যেতে হবে। '১৬-তেও গেছিলেন। আবার '২৬-এ ভোট আসছে, চাপে আছেন। পশ্চিমবাংলার হিন্দু ভোটার, যাঁরা তৃণমূলকে ভোট দেন, তাঁরা আজকে একটু টিভির দিকে নজর রাখবেন।"

## ন্যায় কর্মফলদাতা শনিদেব



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

এর আগেই শনি দ্বারা আক্রান্ত সূর্য ব্রহ্মাকেই শনিকে সংযত করার অনুরোধ করলেন। ব্রহ্মা গেলেন বিষ্ণুর কাছে। বিষ্ণু গেলেন শিবের কাছে। শিব শনিকে ডেকে অত্যাচার করতে বারণ করলেন।

**ক্রমশঃ**


**• সতর্কীকরণ •**

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# বারুইপুরে হুঙ্কার শুভেন্দুর, দুই মিছিল ঘিরে ধুন্ধুমার

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

শুভেন্দু অধিকারীর মিছিল ঘিরে ধুন্ধুমার পরিস্থিতি বারুইপুরে। ১০০ মিটারের মধ্যে একই সময়ে বিজেপি ও তৃণমূলের মিছিল। স্লোগান, পাল্টা স্লোগানে উত্তপ্ত হয়ে উঠল স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায়ের বিধানসভা এলাকা। একই সময়ে, একই জায়গায় কীভাবে দুটি মিছিলের অনুমতি দেওয়া হল, তা নিয়ে উঠেছে প্রশ্ন।পরে সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে শুভেন্দু অভিযোগ করেন, তাঁর কনভয়ে তথা গাড়িতে লাঠি দিয়ে মারা হয়েছে। এই ঘটনার পর এসপি অফিস ঘেরাও করার ডাক দিয়েছেন শুভেন্দু। তিনি জানিয়েছেন, আগামী ২৭ মার্চ পুলিশ সুপারের অফিস ঘেরাও করবেন বিজেপি কর্মীরা।শুভেন্দু অধিকারীর গাড়িতে পরপর লাঠি দিয়ে মারা হয়েছে বলেও অভিয়োগ। এরপরই পুলিশকে



কার্যত হুঁশিয়ারি দেন বিরোধী দলনেতা শুভেন্দু।

বিধানসভার অধিবেশনে কথা বলতে দেওয়া হয়নি, এই অভিযোগ নিয়েই এদিন স্পিকারের কেন্দ্রে এদিন মিছিলের ডাক দিয়েছিলেন শুভেন্দু। রাস মাঠ থেকে এসপি অফিসের দিকে মিছিল এগোচ্ছিল। তার মাঝেই পরপর চলে অবরোধ। মিছিলে বাধা দেওয়া হয় বলে অভিযোগ তৃণমূলের বিরুদ্ধে। অদূরেই চলছিল তৃণমূলের মহিলা মোর্চার মিছিল।

তৃণমূলকর্মীদের ‘জয় বাংলা’ ও পাল্টা ‘জয় শ্রীরাম’ স্লোগানে উত্তপ্ত হয়ে ওঠে রাস্তা। একই জায়গায় কর্মসূচির অনুমতি কীভাবে দেওয়া হল, তা নিয়ে প্রশ্ন উঠেছে। বিরোধী দলনেতার গাড়ি আটকে কালো পতাকা দেখানো হয় বলেও অভিযোগ। এরপরই গাড়ি থেকে শুভেন্দু বলেন, “ওরা ভেবেছিল আমরা ভয় পেয়ে যাব। কিন্তু আমরা ভয় পাইনি।” পুলিশ সুপারের উদ্দেশে শুভেন্দু বলেন, “আজ যা করলেন, তার হিসেব হবে।”

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফামেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি | 10 জীবন জ্যোতি ফামেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফামেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফামেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফামেসী | 17 ইউনিক ফামেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফামেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফামেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফামেসী | 28 সৌভিক ফামেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফামেসী |




# সুনীতা উইলিয়ামসকে ভারতরত্ন দেওয়া হোক, দাবি মুখ্যমন্ত্রী মমতার

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

সুনীতা উইলিয়ামসের ভারতরত্ন পাওয়া উচিত বলেই মনে করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বুধবার বিধানসভায় সুনীতাদের উদ্দেশে অভিনন্দনবার্তা দিয়ে মমতা বলেন, ''যে ভাবে তাঁরা যন্ত্রণা সহ্য করেছেন, সে বিষয়ে খোঁজখবর নিতাম।'' কথায় কথায় মুখ্যমন্ত্রী এ-ও জানালেন, তিনি বর্তমানে মহাকাশ বিজ্ঞান নিয়ে পড়াশোনাও করছেন।সুনীতাকে ভারতে আসার জন্য আমন্ত্রণ জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সুনীতার পরিবার জানাল, শীঘ্রই ভারতে আসবেন তিনি। মহাকাশ-কন্যাকে অভ্যর্থনা জানাতে 'শিঙাড়া পার্টি'রও আয়োজন করা হবে! প্রসঙ্গত, সুনীতাই প্রথম নভশ্চর, যিনি মহাকাশ স্টেশনে শিঙাড়া খেয়েছেন! তাই ভারতে ফিরলে তাঁর জন্য একটি 'শিঙাড়া পার্টি'র আয়োজন করারও পরিকল্পনা সেরে ফেলেছেন পরিজনেরা!গত বছর ৫ জুন মহাকাশে পাড়ি দিয়েছিলেন সুনীতারা। কথা ছিল আট দিন আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে কাটিয়ে পৃথিবীতে ফিরবেন তাঁরা। মূলত অতিথি হয়েই মহাকাশে গিয়েছিলেন সুনীতারা। কিন্তু তখনও কেউ ভাবেননি আট দিনের সফর শেষ হবে ন'মাসে! মহাকাশযানে ত্রুটি দেখা দেওয়ায় বার বার পিছোতে থাকে সুনীতাদের পৃথিবীতে ফেরার তারিখ। ২৮৬ দিন কাটিয়ে অবশেষে বুধবার ভোর ৩টে ২৭ মিনিট নাগাদ (ভারতীয় সময়) সুনীতারা পৃথিবীতে ফেরেন।

সুনীতারা ফিরে আসার পরেই নিজের এক্স হ্যান্ডলে

এরপর ৬ পাতায়

# আরাকান আর্মির তাড়া খেয়ে বাংলাদেশে, গ্রেপ্তার হিন্দু গণহত্যার মাস্টারমাইন্ড রোহিঙ্গা জঙ্গি

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

আরাকান আর্মির তাড়া খেয়ে পালিয়ে এসেছিলেন বাংলাদেশে। সোমবার বাংলাদেশের নারায়ণগঞ্জ ও ময়মনসিংহে পৃথক অভিযানের পর গ্রেপ্তার হলেন রোহিঙ্গা স্যালভেশন আর্মি বা আরসা জঙ্গি সংগঠনের প্রধান আতাউল্লা আবু আম্বার জুনুনি। এই জঙ্গিনেতা-সহ মোট ১০ জনকে গ্রেপ্তার করেছে বাংলাদেশ র‍্যাপিড অ্যাকশন ফোর্স বা র‍্যাব।জানা গিয়েছে, হিন্দুদের উপর নির্যাতনের জন্য কুখ্যাত এই জঙ্গি নেতা জুনুনির জন্ম পাকিস্তানের করাচিতে। পরে পরিবারের সঙ্গে আরবে চলে যান তিনি। সেখান থেকেই জঙ্গি সংগঠনের সংস্পর্শে আসেন তিনি। পরে পাকিস্তানে ফিরে জঙ্গি প্রশিক্ষণ নেন জুনুনি। সেখান থেকে আরও উন্নত প্রশিক্ষণের




জন্য চলে যান লিবিয়ায়। প্রশিক্ষণ শেষের পর তাকে পাকিস্তানে এনে পাক গুপ্তচর সংস্থা আইএসআই-এর তরফে পাঠানো হয় মায়ানমারের রাখাইন প্রদেশে। এবং আরসা নামের এই জঙ্গি সংগঠনের প্রধানের দায়িত্ব দেওয়া হয়। এই রাখাইনে হিন্দুদের উপর বেলাগা, নির্যাতনের অভিযোগ রয়েছে এই জঙ্গি নেতার বিরুদ্ধে। সন্ত্রাসবিরোধী আইন ও অবৈধ অনুপ্রবেশের অভিযোগে তাঁদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।

বাংলাদেশ সংবাদমাধ্যম সূত্রে জানা গিয়েছে, এই অনুপ্রবেশকারীদের গ্রেপ্তারের পর মঙ্গলবার সকালে তাঁদের নারায়ণগঞ্জ আদালতে তোলা হয়। সেখানে অভিযুক্তদের মধ্যে জুনুনি-সহ ৬ জনকে ১০ দিনের জন্য পুলিশ হেফাজতের নির্দেশ দেওয়া হয়েছে। পুলিশের তরফে জানা গিয়েছে, ১০ জনের মধ্যে জঙ্গি সংগঠনের প্রধান জুনুনি ছাড়া বাকিরা রোহিঙ্গা শরণার্থী শিবিরের বাসিন্দা। বাংলাদেশে পুলিশের তরফে জানা গিয়েছে, বাংলাদেশের মাটিতে বড়সড় নাশকতার ষড়যন্ত্র করছিল আরসা। সেই পরিকল্পনা বাস্তবায়নের দায়িত্বে ছিলেন এই জঙ্গি নেতা। শুধু তাই নয়, ২০২১ সালে রোহিঙ্গা শিবিরে ঢুকে রোহিঙ্গা শান্তিকর্মী মহিব উল্লাহ হত্যাকাণ্ডে মূল অপরাধী ছিল জুনুনি। এর নির্দেশেই হত্যা করা হয় মহিবকে। এছাড়াও কক্সবাজারে ডিজিএফআই-এর স্কোয়াড্রন লিডার রিজওয়ান রুশদী হত্যায় মূল অভিযুক্ত ছিলেন জুনুনি।

(৫ পাতার পর)

## সুনীতা উইলিয়ামসকে ভারতরত্ন দেওয়া হোক, দাবি মুখ্যমন্ত্রী মমতার

অভিনন্দনবার্তা দিয়েছিলেন মুখ্যমন্ত্রী। পরে বিধানসভাতেও মমতা বলেন, "বিধানসভার পক্ষ থেকে সুনীতা উইলিয়মসকে কৃতজ্ঞতা। তাঁরা অনেক যন্ত্রণা সহ্য করেছেন। উদ্ধারকারী দলকেও ধন্যবাদ এবং কৃতজ্ঞতা। কল্পনা চাওলাও গিয়েছিলেন। ফিরতে পারেননি। আমরা দেখি প্লেন খারাপ হলে ফিরে আসে। এই মহাকাশযানেরও কিছু গোলমাল ছিল বলে শুনেছি। কল্পনা চাওলাদেরও যেটা হয়। সেই জন্যই এতগুলো মাস সুনীতা উইলিয়ামসদের আটকে থাকতে হয়।" মুখ্যমন্ত্রীর সংযোজন, "সুনীতা ভারতের মেয়ে। তাঁকে ভারতরত্ন দেওয়ার আবেদন জানাচ্ছি কেন্দ্রীয় সরকারের কাছে। তাঁরা যাতে ভাল করে কাজ করতে পারেন, তাই এই মহাসম্মানের দাবি জানাচ্ছি।"

## গাজায় হামলার মধ্যে ইসরায়েলি বন্দিদের মুক্তি চাইল ভারত



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

যুদ্ধবিরতি লঙ্ঘন করে ইসরায়েলের হামলায় গাজায় নারী-শিশুসহ শত শত মানুষের মৃত্যুতে বিশ্বের সব প্রান্তের মানুষ যখন শোকস্তব্ধ, তার মধ্যেই গাজায় থাকা জিম্মিদের মুক্তি দেয়ার আহ্বান জানিয়েছে ভারত। বুধবার এক প্রতিবেদনে এ খবর জানিয়েছে ভারতীয় সংবাদমাধ্যম দ্য ইন্ডিয়ান এক্সপ্রেস।

জিম্মি মুক্তির পাশাপাশি, ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল এক্স-এ (সাবেক টুইটার) এক বিবৃতি পোস্ট করে গাজার জনগণের জন্য 'মানবিক সহায়তা সরবরাহের' আহ্বানও জানিয়েছেন। এক্সে পোস্ট করা বিবৃতিতে তিনি আরও বলেন, গাজার পরিস্থিতি নিয়ে আমরা উদ্বিগ্ন। সব জিম্মিকে মুক্তি দেয়া গুরুত্বপূর্ণ। আমরা গাজার জনগণের জন্য মানবিক সহায়তা সরবরাহ অব্যাহত রাখারও আহ্বান জানাই।

এদিকে, গাজা উপত্যকায় ফের হামলা শুরু করেছে ইসরায়েল। যুদ্ধবিরতি চুক্তি লঙ্ঘন করে গত দুদিন ধরে বিমান হামলা চলছে। এতে বহু ফিলিস্তিনি হতাহত হয়েছেন। এরই মধ্যে গাজার বাসিন্দাদের ঘরবাড়ি ছাড়ার নির্দেশ দিয়েছে ইসরায়েলি বাহিনী।

উল্লেখ্য, গত ১৯ জানুয়ারি ফিলিস্তিনের সশস্ত্র গোষ্ঠী হামাসের সঙ্গে সাময়িক যুদ্ধবিরতির চুক্তির করে ইসরাইল। ১ মার্চ চুক্তির মেয়াদ শেষ হয়। নতুন করে যুদ্ধবিরতির চুক্তি নিয়ে আলোচনায় না গিয়ে মঙ্গলবার গাজা উপত্যকায় ব্যাপক হামলা চালায় ইসরায়েল।

# সিনেমার খবর

## নিজেদের দোষে নারীরা কুপ্রস্তাব পান: মমতা শঙ্কর


পশ্চিমবঙ্গের বর্ষীয়ান অভিনেত্রী মমতা শঙ্কর।

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

পশ্চিমবঙ্গের বর্ষীয়ান অভিনেত্রী মমতা শঙ্কর। সাম্প্রতিক সময়ে তার এক মন্তব্যকে ঘিরে স্যোশাল মিডিয়ায় তুমুল বিতর্কের সৃষ্টি করেছে। নারী দিবসের আগে দেওয়া অভিনেত্রীর এ বক্তব্য নিয়ে নানা প্রতিক্রিয়া ও সমালোচনা করছেন নেটিজেনরা। এর আগে নায়িকাদের শাড়ি পরার ধরন নিয়ে মন্তব্য করে সমালোচনা মুখ পড়েছিলেন তিনি। এছাড়া প্রকাশ্যে চুম্বন নিয়ে মন্তব্য করেও পড়েছিলেন বিতর্কে। এবার নতুন এক বিতর্কে নাম জুড়ালেন মমতা। কুপ্রস্তাব পাওয়ার ক্ষেত্রে নারীদেরকেই দায়ী করে দেওয়া মমতার বক্তব্যে সমালোচনা তৈরি হয়েছে। নারী দিবসের আগে তার এমন বক্তব্য নিয়ে বিরুপ প্রতিক্রিয়া জানাচ্ছেন অনুরাগীরাও।

হিন্দুস্তান টাইমসের প্রতিবেদন অনুসারে, সম্প্রতি মমতা দাবি করেন যে নারীরা কুপ্রস্তাব পাওয়ার জন্য নিজেরাই দায়ী। অভিনেত্রীর মতে, নারীরা যদি নিজেদের ব্যক্তিত্ব দৃঢ়ভাবে প্রকাশ করতে পারেন, তবে এ ধরনের পরিস্থিতিতে পড়তে হবে না। মমতা শঙ্কর বলেন, 'আত্মসম্মান, আত্ম মর্যাদা নিজেকে ধরে রাখতে হবে। অনেকে আমায় অনেক মানুষের সঙ্গে কথা বলতে দেখার পর এসে বলেছেন উনি তোমার সঙ্গে কথা বলছিলেন, খারাপ লোক কিন্তু উনি, সাংঘাতিক। সাবধানে থেকো। আমি পাল্টা জবাবে বলেছি যে আমার তো তাঁকে ভালোই, সজ্জন বলে মনে হল।

রাত জেগে, গভীর রাত পর্যন্ত কত শ্যুটিং করেছি, কত মানুষের সঙ্গে বসে আড্ডা দিয়েছি। গান গেয়েছি। কেউ কখনও খারাপ প্রস্তাব দেওয়ার কথা ভাবতে পারেননি।'

এদিকে অভিনেত্রীর সাম্প্রতিক মন্তব্যের পর অভিনেতা ঋত্বিক চক্রবর্তী সামাজিক মাধ্যমে একটি ব্যঙ্গাত্মক পোস্ট দেন। তিনি নাম উল্লেখ না করেই লেখেন, উনি শঙ্কর প্রজাতির শিল্পী, সঙ্গে জুড়ে দেন একটি ভাবুক ইমোজি। নেটিজেনদের বুঝতে দেরি হয়নি যে অভিনেতা কাকে ইঙ্গিত করেছেন। অনেক ভক্ত-অনুরাগীকেই তার মন্তব্যের সঙ্গে একমত প্রকাশ করে বিভিন্ন প্রতিক্রিয়া জানাতে দেখা গেছে।

## জ্যাকুলিনের কণ্ঠে বাংলা গান

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বছর চারেক আগে বলিউড অভিনেত্রী জ্যাকুলিন ফার্নান্দেজের 'বড়লোকের বেটি'শিরোনামের একটি গানে মজেছিল শ্রোতারা। সেই মিউজিক ভিডিওতে বাঙালি কন্যার বেশে জ্যাকুলিন তার রূপে নতুন মাত্রা এনে দিয়েছিলেন। এবার দ্বিতীয়বারের মতো বাংলা গানে দেখা গেল তাকে। 'গেন্দা ফুল' এর 'বড় লোকের বেটি' এবার বাংলা গান গাইলেন।

শনিবার নারী দিবসে প্রকাশ্যে এসেছে তার সেই গানের ভিডিও। জ্যাকুলিনের নতুন সেই গানটির নাম 'আমি কাফি'। কয়েক মাস আগেই 'স্টর্মরাইডার' শীর্ষক গানে জ্যাকুলিনের উপস্থিতি শ্রোতাদের দৃষ্টি আকর্ষণ করে। এসভিএফ



মিউজিকের সঙ্গে কাজ বেঁধে এই গানটিরই বাংলা সংস্করণ তৈরি করেছেন অমৃতা সেন এবং সিজি। তাদের পাশাপাশি মিউজিক ভিডিওটিতে গলা মিলিয়েছেন জ্যাকুলিন।

নির্মাতাদের দাবি, নারী দিবসের মূলমন্ত্র উচ্চারিত হয়েছে এই গানটির মাধ্যমে। জ্যাকুলিনও এই প্রথম বাংলা গানে কাজ করে উচ্ছ্বসিত। অভিনেত্রী বলেছেন, 'বাংলা সংগীতের সঙ্গে যুক্ত হয়ে আমি আপ্লুত। এই গানটা আত্মবিশ্বাস এবং শক্তির প্রতীক। নতুন শ্রোতাদের জন্য বাংলা ভাষায় গানটিকে তৈরি করতে পেরে আরও ভালো লাগছে। আশা করছি শ্রোতাদের গানটি বেশ ভালো লাগবে" মিউজিক ভিডিওতে রয়েছেন রাজকুমারী কোকো, শতাব্দী দত্ত বণিক, ডিম্পল আচার্য এবং অঙ্কিতা সিংহ।

জ্যাকুলিনের সর্বশেষ মুক্তিপ্রাপ্ত সিনেমা ছিল সোনু সুদ অভিনীত ও পরিচালিত 'ফতেহ'। এটি বক্স অফিসে সেভাবে না চললেও তাঁর অভিনয় প্রশংসিত হয়েছে। সিনেমায় জ্যাকুলিনের অভিনীত চরিত্রের নাম 'খুশি শর্মা'। আগামীতে তাকে 'হাউসফুল ৫', 'ওয়েলকাম টু দ্য জঙ্গল' সিনেমায় দেখা যাবে।

## যৌন হেনস্তার অভিযোগ খারিজ, নানার বিরুদ্ধে নতুন অভিযোগ তনুশ্রীর


নানা পাটেকর ও তনুশ্রী দত্ত

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

৮ বছর আগে বলিউড অভিনেতা নানা পাটেকর বিরুদ্ধে যৌন হেনস্তার অভিযোগ তোলেন বলিউড অভিনেত্রী তনুশ্রী দত্ত। কিন্তু সেই অভিযোগ আইনিভাবে হেরে গেছে। কয়েকদিন আগেই তনুশ্রীর অভিযোগ নাকচ করে দিয়েছেন আন্ধেরির আদালত।

বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট এনভি বনসল জানিয়েছেন, অভিযোগের সময়সীমা অতিক্রম করেছে, তাই তনুশ্রীর অভিযোগ খারিজ করা হয়েছে। তবে কোনওভাবেই নিজের অভিযোগ থেকে সরে আসতে নারাজ তনুশ্রী। এবার তিনি নানার বিরুদ্ধে নতুন অভিযোগ তুললেন। অভিনেত্রীর দাবি, নানা পাটেকরের গুন্ডারা তাঁর সাক্ষীদের হুমকি দিচ্ছে।

২০০৮ তারিখে ঘটে যাওয়া একটি ঘটনার জন্য ২০১৮ সালে এফআইআর দায়ের করেন তনুশ্রী। 'হর্ন ওকে' ছবির সময়ে নাকি তাঁর সঙ্গে অশালীন আচরণ করেছিলেন নানা। এরপর প্রশ্ন ওঠে, কেন এত দিন পরে অভিযোগ এনেছিলেন তনুশ্রী। অভিনেত্রীর দায়ের করা অভিযোগকে 'মিথ্যা' দাবি করে আদালতের কাছে 'বি-সামারি' রিপোর্ট জমা দেয় পুলিশ।

এক পোস্টে অভিনেত্রী লিখেছেন, "নানা পাটেকরের বিরুদ্ধে যৌন হেনস্তার অভিযোগের ভিত্তিতে মুম্বাই পুলিশের দায়ের করা 'বি-সামারি' রিপোর্ট আদালত খারিজ করে দিয়েছে। ২০১৯ সালে পুলিশ এই মামলা বন্ধ করতে চেয়েছিল। দাবি করেছিল, সমস্ত অভিযোগ মিথ্যা। আমার সাক্ষীদের সঙ্গে কথা না বলেই 'বি-সামারি' রিপোর্ট তৈরি করেছিল পুলিশ। এ দিকে আমার সাক্ষীদের হুমকি দিচ্ছিল নানা পাটেকরের গুন্ডারা।'

তনুশ্রী আরও লেখেন, "সম্প্রতি, আমার এক সাক্ষী নানার বিরুদ্ধে আদালতে সরাসরি তাঁর বয়ান দিয়েছেন। তিনি এটাও জানিয়েছেন, ফোন করে তাঁকে হুমকি দেওয়া হয়েছে। আদালত সেই বয়ান নিয়ে জানিয়েছে, পুলিশের 'বি-সামারি' রিপোর্ট গ্রহণ করা হবে না। তাই আমরা কিন্তু এক প্রকার এই মামলা জিতেছি। এ বার এই ঘটনায় মুম্বই পুলিশ একটি চার্জশিট ফাইল করবে।"

# পাকিস্তানের ভয়ে পালিয়েছিলেন গাভাস্কার: ইনজামাম

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

সাম্প্রতিক সময়ে ভারতের সঙ্গে লড়াই জমাতেই পারছেন না পাকিস্তান। রাজনৈতিক বৈরিতার কারণে দ্বিপাক্ষিক সিরিজ না হলেও আইসিসি কিংবা এসিসির টুর্নামেন্টে প্রতি বছরই খেলার সুযোগ হচ্ছে তাদের। সবশেষ তিন আইসিসি টুর্নামেন্টে গড়পড়তা পারফর্ম করেছে পাকিস্তান।

২০২৩ ওয়ানডে বিশ্বকাপ, ২০২৪ টি-টোয়েন্টি বিশ্বকাপ কিংবা ২০২৫ চ্যাম্পিয়ন্স ট্রফি, কোথাও ভারতের কাছে পাত্তা পায়নি পাকিস্তান।

সদ্য সমাপ্ত চ্যাম্পিয়ন্স ট্রফিতে কোনো ম্যাচই জিততে পারেনি পাকিস্তান। বাবর আজমদের এমন ভরাডুবির পর সুনীল গাভাস্কার বলেছিলেন, ভারতের ‘বি’ দলও কঠিন চ্যালেঞ্জ জানাবে পাকিস্তানকে। ভারতের সাবেক



ইনজামাম উল হক

এই ব্যাটারের এমন মন্তব্যে চটেছেন ইনজামাম উল হক।

পাকিস্তানের অবস্থান খুঁজে পেতে গাভাস্কারকে পরিসংখ্যান দেখতে বলেছেন ইনজামাম। সাম্প্রতিক সময়ে ভারতের সঙ্গে না পারলেও মুখোমুখি লড়াইয়ে অবশ্য এগিয়ে পাকিস্তান। ১৯৭৮ সাল থেকে এখন পর্যন্ত একে অপরের বিপক্ষে ১৩৬ ওয়ানডে খেলেছেন দুই দল। যেখানে ভারতের ৫৮ জয়ের বিপরীতে পাকিস্তানের জয় ৭৩ ম্যাচে।

ইনজামাম বলেন, ‘তাকে (গাভাস্কারকে) কেউ পরিসংখ্যান দেখতে বলুন। তাহলেই তিনি জানতে পারবেন পাকিস্তানের অবস্থান কোথায়। তার মতো একজন এমন মন্তব্য করায় আমি খুব দুঃখ পেয়েছি। তিনি অনেক বড় মাপের ও সম্মানীয় ক্রিকেটার। কিন্তু এ ধরনের কথাবার্তা বলে তিনি নিজের লিগ্যাসিকে অবমূল্যায়ন করছেন। তার মুখে সামলে কথা বলা উচিত।’

গাভাস্কারকে খোঁচাও দিয়ে ইনজামাম বলেন, ‘ভারত ম্যাচ জিতেছে, তারা ভালো খেলেছে কিন্তু কিন্তু মিস্টার গাভাস্কারের পরিসংখ্যানের দিকে তাকানো উচিত। পাকিস্তানের বিপক্ষে খেলা থেকে বাঁচতে একবার তিনি শারজাহ থেকে পালিয়েছিলেন। বয়সে সে আমাদের চেয়ে বড়। তাই আমরা তাকে শ্রদ্ধা করি। কিন্তু অন্য দেশ সম্পর্কে এ ধরনের মন্তব্য করা উচিত নয়। আপনার দল নিয়ে যত খুশি প্রশংসা করুন। অবশ্যই সেই অধিকার আপনার আছে। কিন্তু অন্য দল নিয়ে এ ধরনের মন্তব্য কুরুচিপূর্ণ।’

## আগামী আট বছর কর্তৃত্ব করার জন্য প্রস্তুত ভারত: কোহলি



ভারতের তারকা ব্যাটার বিরাট কোহলি

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

দুবাইয়ে নিউজিল্যান্ডকে হারিয়ে চ্যাম্পিয়ন্স ট্রফির চ্যাম্পিয়ন হয়েছে ভারত। ব্যাট হাতে অভিজ্ঞ বিরাট কোহলি, রোহিত শর্মা এবং তরুণ শুভমন গিল, শ্রেয়াস আইয়াররা ভালো ক্রিকেট খেলেছেন। আবার বল হাতে মোহাম্মদ শামির সঙ্গে ভালো করেছেন বরুণ চক্রবর্তী, অক্ষর প্যাটেলরা।

ম্যাচ শেষে বিরাট কোহলি জানিয়েছেন, ভারতের ক্রিকেট দল এমন একটা জায়গায় আছে যারা আগামী ৮ বছর ক্রিকেট বিশ্বে কর্তৃত্ব করতে প্রস্তুত।

তিনি বলেন, ‘আপনি যখন দল ছেড়ে যাবেন, চাইবেন যেন দল ভালো অবস্থায় থাকে। আমি মনে করি, আমাদের খুব ভালো একটা দল আছে, যারা আগামী আট বছর বিশ্ব ক্রিকেট শাসন করার সামর্থ্য রাখে। শুভমন অসাধারণ, শ্রেয়াস আইয়ার সুন্দর, কেএল রাহুল দারুণভাবে ম্যাচ শেষ করেছেন, হার্দিক পান্ডিয়া ব্যাটিংয়ে ভালো ছিল।’

কোহলি জানিয়েছেন, অস্ট্রেলিয়ায় টেস্ট সিরিজ হারের পর তারা ঘুরে দাঁড়াতে চেয়েছিলেন। যে চ্যাম্পিয়ন্স ট্রফি জয়ের সর্বোচ্চ চেষ্টা করেছেন তারা। ২০১১ ওয়ানডে বিশ্বকাপ, ২০১৩ চ্যাম্পিয়ন্স ট্রফি, ২০২৪ সালের টি-২০ বিশ্বকাপ জয়ের পর এবারের চ্যাম্পিয়ন্স ট্রফি অসাধারণ অনুভূতি বলেও উল্লেখ করেন বিরাট।

নিউজিল্যান্ড ক্রিকেট দলেরও প্রশংসা করেছেন বিরাট কোহলি। ২০১৫ ও ২০১৯ সালের বিশ্বকাপ ফাইনাল খেলা। টেস্ট চ্যাম্পিয়নশিপ জেতা এবং এবারের চ্যাম্পিয়ন্স ট্রফির ফাইনাল মিলিয়ে স্বল্প ক্রিকেটার নিয়ে কিউইদের এমন সাফল্যে বিস্মিত কোহলি, ‘কীভাবে অল্প ক্রিকেটার নিয়ে নিউজিল্যান্ড বছরের পর বছর ভালো ক্রিকেট খেলছে, তা বরাবরই আমাকে বিস্মিত করেছে।’

## ৪১ বছর বয়সে ১৫ ছক্কায় ২৮ বলে সেঞ্চুরি ডি ভিলিয়ার্সের

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

পেশাদার ক্রিকেটকে বিদায় জানানোর চার বছর পেরিয়ে গেছে। তবে এবি ডি ভিলিয়ার্সের ব্যাটের ধার যেন একটুও কমেনি। লম্বা সময় পর ক্রিকেটে ফিরেই পুরোনো রূপে দেখা দিলেন দক্ষিণ আফ্রিকান তারকা। খুনে ব্যাটিংয়ে ছক্কার ঝড় তুলে সেঞ্চুরি করলেন ৪১ বছর বয়সে।

সেঞ্চুরিয়নের সুপারস্পোর্ট পার্কে টাইটান্স লিজেন্ডসের হয়ে বুলস লিজেন্ডসের বিপক্ষে ২৮ বলে ১০১ রানের ইনিংস খেলেন ডি ভিলিয়ার্স। মাঠের সব প্রান্তে খেলার অসাধারণ সামর্থ্যের জন্য ‘মি. ৩৬০ ডিগ্রি’ বলে ডাকা হয় তাকে। মজার ব্যাপার হলো, তার এই ইনিংসের স্ট্রাইক রেটও ছিল ৩৬০! যেখানে ছিল না কোনো চার, ছক্কা মারেন ১৫টি।

‘ডট’ বল খেলেন মাত্র দুইটি। শর্ট বল পুল শটে ছক্কায় উড়িয়ে সেঞ্চুরি করার পরই মাঠ ছেড়ে




যান তিনি। ২০ ওভারে ৭ উইকেটে ২৭৮ রান করে টাইটান্স। জবাবে বুলস ১৪ ওভারে ৮ উইকেটে ১২৫ রান করার পর বৃষ্টিতে আর খেলা হয়নি।

২০২১ সালের অক্টোবরে আইপিএলে সবশেষ ম্যাচ খেলার পরের মাসে ক্রিকেটকে বিদায় জানান ডি ভিলিয়ার্স। তারপর এই প্রথম কোনো ম্যাচ খেলতে নেমেই বিধ্বংসী ইনিংস খেললেন তিনি। ওয়ানডেতে দ্রুততম সেঞ্চুরির (৩১ বল) বিশ্বরেকর্ডসহ আন্তর্জাতিক ক্রিকেট ও আইপিএলে অনেক স্মরণীয় ইনিংস আছে তার।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুণ্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR